ডীন কার্যালয়

এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
ঢাকা-১২০৭, বাংলাদেশ
ই-মেইল ঃ dean.asvm@sau.edu.bd

Office of the Dean

Faculty of Animal Science & Veterinary Medicine
Sher-e-Bangla Agricultural University
Dhaka-1207, Bangladesh
E-mail :dean.asvm@sau.edu.bd
Phone :+88-02-44814052

স্মারক নং-শেকৃবি/এএসভিএম-অনুঃ/২০২০/ ১৪০ তারিখ ঃ ১৫-০৮-২০২০

সভার কার্যবিবরণী

গত ১৪-০৮-২০২০ তারিখ, রোজ ঃ শুক্রবার, বিকাল ০৩.৩০ ঘটিকায় এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের Online Class, Sau Website এবং ইন্টার্ণশীপ সংক্রান্ত বিষয় নিয়ে অত্র অনুষদের ১০টি বিভাগের বিভাগীয় চেয়ারম্যানদের সমন্বয়ে অনুষদীয় ডীন প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ এর সভাপতিত্বে Zoom এর মাধ্যমে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অত্র অনুষদের বিভাগীয় চেয়ারম্যানবৃন্দের নাম, পদবী, বিভাগ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

নং	নাম, পদবী ও বিভাগ	Zoom এর উপস্থিতি
০১	ড. মোঃ আনোয়ারুল হক বেগ, চেয়ারম্যান ও অধ্যাপক, পোল্ট্রি বিজ্ঞান বিভাগ	উপস্থিত
০২	ড. মোঃ মোফাজ্জল হোসাইন, চেয়ারম্যান ও অধ্যাপক, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক্স এন্ড ব্রিডিং বিভাগ	উপস্থিত
০৩	ড. মোঃ জাহাঙ্গীর আলম, চেয়ারম্যান ও অধ্যাপক, এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট বিভাগ	উপস্থিত
০৪	ড. কে, বি, এম, সাইফুল ইসলাম, চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, মেডিসিন এন্ড পাবলিক হেলথ বিভাগ	অনুপস্থিত
০৫	ড. মোঃ সাইফুল ইসলাম (রাসেল), চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি	উপস্থিত
০৬	ড. উদয় কুমার মহন্ত, চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক, মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ	উপস্থিত
০৭	জনাব আশিকুর রহমান, চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক, ডেইরি বিজ্ঞান বিভাগ	উপস্থিত
০৮	ড. আমিনা খাতুন, চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক, প্যাথলজি বিভাগ	উপস্থিত
০৯	ডা. রূপালী আক্তার, চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক, ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি বিভাগ	উপস্থিত
১০	ড. কামাল উদ্দিন আহাম্মদ, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও অধ্যাপক, সার্জারি এন্ড থেরিওজেনোলজি বিভাগ	প্রতিনিধি উপস্থিত

সভার শুরুতে ডীন মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভ করেন। আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা-পর্যালোচনা করে নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ ঃ

সিদ্ধান্ত-১ ঃ এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের চলমান Online সকল ক্লাস আগামী ৩১-০৮-২০২০ তারিখের মধ্যে শেষ হবে এবং আগামী ০১লা সেপ্টেম্বর/২০২০ হতে নতুন সেমিস্টারের ক্লাস শুরু হবে মর্মে সকল বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ একমত পোষন করেন। দরিদ্র শিক্ষার্থীরা যাদের Online ক্লাস করতে আর্থিক সহায়তা প্রয়োজন তাদেরকে আগামী ১৮-০৮-২০২০ তারিখের মধ্যে ডীন বরাবরে dean.asvm@sau.edu.bd এই ঠিকানায় আবেদন প্রেরণ করতে বলা হয়।

সিদ্ধান্ত-২ ঃ অত্র বিশ্ববিদ্যালয়ের নতুন ওয়েবসাইটটি ডেভেলপমেন্ট করার জন্য বিভাগ ভিত্তিক লিংক ও পাসওয়ার্ড আগামী ০১ সপ্তাহের মধ্যে প্রফেসর ড. মির্জা হাসানুজ্জামান, পরিচালক এবং জনাব মোঃ রায়হান উদ্দিন, কম্পিউটার প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ কেন্দ্র এর সাথে যোগাযোগ করে নতুন ওয়েবসাইটটি ডেভেলপমেন্ট করার জন্য ডীন মহোদয় সকলকে অনুরোধ করেন। উল্লেখ্য যে, ওয়েব পেজে বিভাগের চেয়ারম্যানের ছবি ও তথ্য প্রথমে প্রদর্শিত হবে এবং শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য আলাদাভাবে উপস্থাপিত হবে।

সিদ্ধান্ত-৩ ঃ এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের লেভেল-৫, সেমিস্টার-২ (জুলাই ডিসেম্বর/১৯) এর শিক্ষার্থীদের ইন্টার্ণশীপ Report এবং Thises ৩১শে আগস্ট ২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করে ডীন অফিসে যোগাযোগ করে Report এবং Thises সহ Internship Certificate ও Logbook জমা দিবে মর্মে সকল চেয়ারম্যানবৃন্দ একমত পোষন করেন।

সিদ্ধান্ত-৪ ঃ বিবিধ আলোচনায় শেখ কামাল ভবনের ফ্লোর বন্টণ বিষয়ে প্রশাসনিক আদেশ জারি হওয়ায় তা অত্র অনুষদের বিভাগের মধ্যে বন্টণের জন্য খুব দ্রুত ১টি সভা অনুষ্ঠিত হবে।

সর্বশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে,

(প্রফেসর ড. মোঃ আনোয়ারুল হক বেগ)
ডীন
এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ
শেকৃবি, ঢাকা-১২০৭

DEAN OFFICE * FACULTY OF ANIMAL SCIENCE & VETERINARY MEDICINE * SHER-E-BANGLA AGRICULTURAL UNIVERSITY * DHAKA * BANGLADESH *

অনুলিপি ঃ

০১। বিভাগীয় চেয়ারম্যান, এনিম্যাল প্রোডাকশন এন্ড ম্যানেজমেন্ট/পোল্ট্রি বিজ্ঞান/এনিম্যাল নিউট্রিশন, জেনেট্রিক্স এন্ড ব্রিডিং/ডেইরি বিজ্ঞান/এনাটমি, হিস্টোলজি এন্ড ফিজিওলজি/মাইক্রোবায়োলজি এন্ড প্যারাসাইটোলজি/মেডিসিন এন্ড পাবলিক হেলথ/প্যাথলজি/সার্জারি এন্ড থেরিওজেনোলজি/ফার্মাকোলজি এন্ড টক্সিকোলজি বিভাগ, শেকৃবি, ঢাকা।
০২। পরিচালক, তথ্য ও যোগাযোগ কেন্দ্র, শেকৃবি, ঢাকা (অত্র সভার কার্যবিবরণীটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৩। পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
০৪। পিএ টু প্রো-ভিসি/ট্রেজারার/রেজিস্ট্রার (প্রো-ভিসি/ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।
০৫। অফিস কপি।